



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/১৭৮

তারিখঃ ১০ চৈত্র ১৪২৬ বঙ্গাব্দ
২৪ মার্চ ২০২০ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

৭২৩ তম জরুরী কমিশন সভা অদ্য ২৪/০৩/২০২০ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তও গৃহীত হয়েছেঃ

বাংলাদেশে COVID-19 এর ব্যাপকভাবে বিস্তার প্রতিরোধে জনসমাবেশ এড়ানো ও সামাজিক দূরত্ব অনুসরণ করার লক্ষ্যে এবং BAPLC ও কিছু কিছু তালিকাভুক্ত কোম্পানীর আবেদনের প্রেক্ষিতে, তালিকাভুক্ত কোম্পানীসমূহের বার্ষিক সাধারণ সভা, বিশেষ সাধারণ সভা ও পরিচালনা পর্ষদের সভা এবং লিষ্টিং রেগুলেশনস ও অন্যান্য সিকিউরিটিজ আইনের বিভিন্ন বিধান পরিপালনের বাধ্যবাধকতা হতে সাময়িকভাবে অব্যাহতি প্রদান পূর্বক কতিপয় শর্ত সাপেক্ষে ডিজিটাল প্ল্যাটফর্ম ব্যবহার করে উক্ত সভা সমূহ অনুষ্ঠানের বিষয়ে কমিশন একটি আদেশ অনুমোদন করেছে। জারীকৃত আদেশটি কমিশনের ওয়েব সাইটে পাওয়া যাবে।


২৪/০৩/২০২০
মো: সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।